বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh

# জেলা পরিষদ কার্যালয়
# নাটোর।
www.zpnatore.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০০.৬৯০০.০০১.০৪.০০৮.২২-০৪

তারিখঃ ০৩ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ
১৭ জানুয়ারি, ২০২২ খ্রিষ্টাব্দ

## " নিয়োগ বিজ্ঞপ্তি "

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় , স্থানীয় সরকার বিভাগ (জেলা পরিষদ শাখা) বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ০৫ সেপ্টেম্বর ২০২১ তারিখের ৪৬.০০.০০০০.০৪২.১১.০১৯.১৯.১৮৯৮ সংখ্যক স্মারকে ছাড়পত্র মোতাবেক নাটোর জেলা পরিষদের অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ০১ টি, অফিস সহায়ক ০৩টি একং পরিচ্ছন্নতা কর্মী ০১টি মোট ০৫ টি শূণ্য পদে নিয়োগের নিমিত্তে নাটোর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রঃনং | পদের নাম | বেতন স্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১৬ তম (৯৩০০-২২৪৯০) | ১ (এক)টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে এইচ.এস.সি/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ; ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা;<br>খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের গতি সম্পন্ন হতে হবে। |
| ২ | অফিস সহায়ক | ২০ তম (৮২৫০-২০০১০) | ৩ (তিন)টি | স্বীকৃত কোন শিক্ষা বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমান পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩ | পরিচ্ছন্নতা কর্মী | ২০ তম (৮২৫০-২০০১০) | ১ (এক)টি | অষ্টম শ্রেণির স্কুল সার্টিফিকেট/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ। |

## শর্তাবলী

১। আবেদনপত্র প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নাটোর এর বরাবরে আগামী ১৬ ফেব্রুয়ারি ২০২২ খ্রিঃ তারিখের মধ্যে পৌছাতে হবে এবং আবেদনে নিম্নলিখিত তথ্যাদি উল্লেখ থাকতে হবেঃ-
১) প্রার্থির নাম, ২)পিতা/স্বামীর নাম, ৩) মাতার নাম, ৪) স্থায়ী ঠিকানা, ৫) বর্তমান ঠিকানা, ৬) নাগরিকত্ব, ৭) ধর্ম, ৮) জন্ম তারিখ, (এফিডেভিট গ্রহণযোগ্য হবে না), ৯) বয়সঃ আবেদন গ্রহণের শেষে তারিখে প্রার্থির বয়স বিধি মোতাবেক থাকতে হবে, ১০) শিক্ষাগত যোগ্যতা ও ১১) অভিজ্ঞতা (যদি থাকে)।

২। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও নাটোর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

৩। প্রার্থীর বয়সসীমা ১৬-০২-২০২২ খ্রি. তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৪। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

৫। চাকরির শর্তাবলী এবং বেতন-ভাতাদি/সুযোগ-সুবিধার ক্ষেত্রে জেলা পরিষদ আইন,২০০০ এবং স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকরি বিধিমালা,১৯৯০ ও সংশোধিত ২০০৬ এবং সরকার কর্তৃক সময় সময় জারীকৃত নির্দেশনাবলী প্রয়োজ্য হবে।

৬। চাকরিতে নিয়োগের পূর্বে পুলিশ ভেরিফিকেশন ও সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা করা হবে।

৭। খামের উপরে স্পষ্ট মোটা অক্ষরে পদের নাম ও বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

৮। নির্ধারিত তারিখে অফিস সময়ের পর প্রাপ্ত কোন আবেদন গ্রহণ করা হবে না।

৯। কেবলমাত্র লিখিত পরক্ষিায় উত্তীর্ণ প্রার্থিদের মৌখিক পরীক্ষায় গ্রহণ করা হবে।

**১০। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে:**

(ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক, সম্প্রতি তোলা সত্যায়িত ০২ (দুই) কপি ৫×৫ সে.মি. আকারের রঙিন ছবি আবেদনপত্রের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে।

(খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সকল সনদের ফটোকপি।

(গ) জাতীয় পরিচয় পত্রের কপি। জাতীয় পরিচয়পত্র না থাকলে জন্ম নিবন্ধন সনদের কপি।

(ঘ) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নাটোর এর অনুকূলে যে কোন তফসিল ব্যাংক হতে ১ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ৩০০/- (তিনশত) টাকা এবং ২ ও ৩ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ২০০/-(দুইশত) টাকা মূল্যের অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে।

(চ) নির্ভুল ঠিকানায় প্রবেশ পত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সংগে প্রার্থির নাম ও ঠিকানা সংবলিত ১৫/-(পনেরো) টাকার ডাকটিকিট লাগানো ৯.৫" × ৪.৫" সাইজের একটি আলাদা খাম সংযুক্ত করতে হবে।

**(ছ) বীর মুক্তিযোদ্ধা/বীর মুক্তযোদ্ধাদের সন্তান/পোষ্যদের মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ প্রাপ্তির ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সর্বশেষ নির্দেশনা প্রযোজ্য হবে।**

**১১। লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রাদির মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে:**

(ক) শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল মূল সনদপত্র/ মূল সাময়িক সনদপত্র।

(খ) পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ০১ (এক) কপি নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে।

P/2

(গ) জাতীয় পরিচয়পত্রের মূল কপি অবশ্যই মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে। তবে যাদের জাতীয় পরিচয়পত্র এখনও হয়নি তাদেরকে ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত মূল জন্মনিবন্ধন সনদ মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

(ঘ) মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার প্রমানক ও মুক্তিযোদ্ধার সাথে সম্পর্কের প্রমানক।

(ঙ) অন্যান্য কোটায় নিয়োগ প্রাপ্তির আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার জন্য সরকার কর্তৃক নির্ধারিত সনদ/প্রমানক।

(চ) অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে) (প্রযোজ্য ক্ষেত্রে)।

১২। **আবেদনপত্র আগামী ১৬/০২/২০২২ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে প্রধান নির্বাহী কর্মকর্তা জেলা পরিষদ, নাটোর বরাবরে পৌছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র এ কার্যালয়ে গ্রহণ করা হবে না। অসত্য, অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে।**

১৩। নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন টি.এ/ডি.এ দেয়া হবে না।

১৪। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন, সংযোজন, বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫। এ নিয়োগ কার্যক্রম সমাপ্ত হওয়ার পূর্বে সরকার কর্তৃক নিয়োগ/কোটা সংক্রান্ত বিধিবিধানের কোন পরিবর্তন করা হলে পরিবর্তিত সর্বশেষ বিধিবিধান প্রযোজ্য হবে।

১৬। আবেদনপত্র গ্রহণ/বাতিল ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবেনা।

১৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাঃ

(খোন্দকার ফরহাদ আহমদ)
প্রধান নির্বাহী কর্মকর্তা,
জেলা পরিষদ, নাটোর।

স্মারক নং- ৪৬.০০.৬৯০০.০০১.০৪.০০৮.২২-০৪

তারিখঃ ০৩ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ
১৭ জানুয়ারি, ২০২২ খ্রিষ্টাব্দ

অবগতি ও বহুল প্রচারের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ-

০১। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

০২। জেলা প্রশাসক, নাটোর।

০৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, নাটোর।

০৪। উপজেলা নির্বাহী অফিসার...........................(সকল)।

০৫। জনাব...........................................................................ওয়ার্ড/সংরক্ষিত সদস্য।

০৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা ..........................(সকল)থানা।

০৭। সম্পাদক, দৈনিক ইত্তেফাক ও দৈনিক প্রান্তজন, নাটোর। তাঁকে বিজ্ঞপ্তিটির সাথে সংযুক্ত সংক্ষিপ্ত বিজ্ঞপ্তিটি আগামী ২০-০১-২০২২ খ্রিঃ তারিখের মধ্যে এক দিন মাত্র ছাপিয়ে প্রকাশান্তে পত্রিকার কপিসহ বিল দাখিলের জন্য অনুরোধ করা হলো।

০৮। দপ্তর নথি।

১৭/০১/২০২২

প্রধান নির্বাহী কর্মকর্তা,
জেলা পরিষদ, নাটোর।